গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের কার্যবন্টন তালিকা

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০১০

# ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান অনুবিভাগ

১. ব্যাংক, অর্থিক প্রতিষ্ঠান ও বীমা অনুবিভাগের সকল কর্মকান্ডের অভ্যন্তরীণ সমন্বয় নিশ্চিতকরণ।
২. মন্ত্রিপরিষদ সিদ্ধান্ত, নিকার এবং মন্ত্রিপরিষদের বিভিন্ন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন মনিটরিং এর কাজ।
৩. বাংলাদেশ ব্যাংকসহ রাষ্ট্রীয় মালিকানাধীন সকল বাণিজ্যিক ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান/পরিচালক নিয়োগ এবং বেসরকারি ব্যাংকসমূহের পরিচালনা পর্ষদের সরকারি পরিচালক নিয়োগ ও মনোনয়ন সংক্রান্ত সকল কাজ।
৪. বাংলাদেশ ব্যাংকসহ রাষ্ট্রীয় মালিকানাধীন সকল বাণিজ্যিক ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে পরিচালক ও চেয়ারম্যানদের সম্মানীসহ বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান সংক্রান্ত যাবতীয় কাজ।
৫. অর্থ বিভাগ, ব্যাংকিং অনুবিভাগে গঠিত রেমিট্যান্স সংক্রান্ত অভিযোগের মনিটরিং সেলের যাবতীয় কার্যাবলী।
৬. সরকারি/বেসরকারি খাতে নতুন ব্যাংক স্থাপন, শাখা স্থাপন/চালু শাখা বন্ধকরণ এবং বিদেশী ব্যাংক ও ব্যাংকের শাখা স্থাপন সংক্রান্ত কার্যাদি।
৭. ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং ব্যাংকিং অনুবিভাগের প্রকল্পসমূহের কর্মকর্তা/কর্মচারীদের সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশ পাশ ইস্যুর অনুমোদন (বেসরকারি ব্যাংকসহ) সংক্রান্ত কার্যাদি।
৮. বাংলাদেশ ব্যাংকসহ সকল রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের উর্ধ্বতন নির্বাহীদের বিদেশ ভ্রমণ, সেমিনার, সম্মেলন ও কর্মশালায় অংশগ্রহণ, ব্যক্তিগত পর্যায়ে বিদেশ ভ্রমণ সংক্রান্ত কার্যাবলী।
৯. ব্যাংক কর্মকর্তা/কর্মচারী ইউনিয়ন সম্পর্কিত সকল কাজ এবং এ সব প্রতিষ্ঠানের লজিষ্টিক/সেবা প্রদান সম্পর্কিত সকল কাজ।
১০. ব্যাংকিং খাতে দুর্নীতি, জালিয়াতি, চুরি, ডাকাতি ও এ ধরণের সংঘটিত সকল অপরাধ দমন সম্পর্কিত কাজ।
১১. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শৃঙ্খলা কার্যক্রমের মনিটরিং।
১২. বিশেষায়িত ব্যাংক ও অর্থিক প্রতিষ্ঠানসমূহের (এসইসি ও আইসিবি ব্যতীত) অফিস সরঞ্জাম ও লোকবল কাঠামো (টিওএন্ডই) পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন এবং অন্যান্য সকল বিষয়।
১৩. বিশেষায়িত ব্যাংক ও অর্থিক প্রতিষ্ঠানের যথাঃ বি এইচ বি এফ সি, কর্মসংস্থান ব্যাংক, বিকেবি, রাকাব, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক, বিএসবি, বিএসআরএস (এস ই সি এবং আই সি বি ব্যতীত) এর বাজেট পরীক্ষণ ও অনুমোদন সংক্রান্ত কার্যাবলী।
১৪. বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বীমা, অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাদের নিয়োগ/বদলি/পদায়নসহ অন্যান্য ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কাজ।
১৫. বাংলাদেশ এনজিও ফাউণ্ডেশন সম্পর্কিত কার্যাবলী।
১৬. ব্যাংকিং ও বীমা খাত সংস্কার সংশ্লিষ্ট কার্যাবলী।
১৭. সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ও সদস্য নিয়োগ।
১৮. মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির জনবল কাঠামো নির্ধারণ ও নিয়োগসহ প্রশাসনিক কার্যাবলী।
১৯. রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের কর্মচারীদের জন্য আর্থিক প্রণোদনা (exgratia) প্রদান বিষয়ক কার্যাবলী।
২০. সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের ব্যাংকের মাধ্যমে পেনশন প্রদান সংক্রান্ত কার্যাবলী।
২১. বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের (এসইসি ও আইসিবি ব্যতীত) টেলিফোন মঞ্জুরী সংক্রান্ত কার্যাবলী।
২২. বিশেষায়িত ব্যাংক ও অর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণী পরীক্ষাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বার্ষিক সাধারণ সভায় যোগদান সংক্রান্ত কার্যাবলী।
২৩. বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংক লিঃ) এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ (বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, গ্রামীন ব্যাংক, বেসিক ব্যাংক, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন, বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা, বাংলাদেশ শিল্প ব্যাংক, ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন) এবং বীমা প্রতিষ্ঠানসমূহের অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কার্যাবলী।
২৪. বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান যথাঃ বাংলাদেশ ব্যাংক, বিকেবি, রাকাব, বিএইচবিএফসি ও আইসিবি'র বহিঃ নিরীক্ষক নিয়োগ সংক্রান্ত বিষয়াদি।
২৫. রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহে সরকারি লেনদেনের অনিয়ম এবং সরকারি তহবিল অপব্যবহার রোধকরণ সম্পর্কিত বিষয়াদি।
২৬. Review of Accounting and Aduditing Practices with the ROSC Initiatives সংক্রান্ত কাজ।
২৭. অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন CPAM, SAAPCS এবং বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (BMDF) শীর্ষক প্রকল্পের কার্যক্রম।
২৮. রাষ্ট্রীয় মালিকানাধীন বিশেষায়িত ব্যাংক, বীমা ও অর্থিক প্রতিষ্ঠানের কোর্ট কেইস সংক্রান্ত যাবতীয় কার্যাদি।

# প্রশাসন অধিশাখা

## পরিচালনা পর্ষদ ও সমন্বয় শাখা

১. ব্যাংকিং বিভাগের অনুবিভাগসমূহের অভ্যন্তরীণ সমন্বয়।
২. বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বীমা, অর্থলগ্নী প্রতিষ্ঠান, যৌথ বিনিয়োগ প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের বিদেশ প্রশিক্ষণের মনোনয়ন সংক্রান্ত বিষয়াবলী।
৩. কনসালটেটিভ কমিটি অন ব্যাংকস এন্ড ফিনান্সিয়াল ইনষ্টিটিউশন এবং ব্যাংকিং কাউন্সিল সংক্রান্ত সকল কাজ।
৪. বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বীমা ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের কর্মচারী ইউনিয়ন সংক্রান্ত বিষয়াবলী।
৫. মন্ত্রিপরিষদ সিদ্ধান্ত ও প্রশাসনিক পুনর্গঠন/পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির (নিকার) এবং মন্ত্রিপরিষদ/অন্যান্য সংক্রান্ত প্রতিবেদন সংকলন এবং এ সংক্রান্ত বিষয়াবলী।
৬. ব্যাংকিং বিভাগ ও এর অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ।
৭. বিএইচবিএফসি এবং কর্মসংস্থান ব্যাংক এর বাজেট পরীক্ষাকরণ ও অনুমোদন।
৮. সরকারি আদেশ, নির্দেশ ও পরিপত্রসমূহ অনুবিভাগের সকল কর্মকর্তা এবং অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের মধ্যে বিতরণ ও এগুলোর বাস্তবায়ন অনুসরণ।
৯. রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহের অনুদান সংক্রান্ত সকল কাজ।
১০. বাংলাদেশ ব্যাংকসহ রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান/পরিচালক নিয়োগ এবং বেসরকারী ব্যাংক সমূহের পরিচালনা বোর্ডের সরকারী পরিচালক নিয়োগ ও মনোনয়ন সংক্রান্ত সকল কাজ।
১১. বাংলাদেশ ব্যাংকসহ রাষ্ট্রীয় মালিকানাধীন সকল বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে পরিচালক ও চেয়ারম্যানদের সম্মানীসহ বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান সংক্রান্ত যাবতীয় কাজ।
১২. ব্যাংকিং বিভাগে রেমিট্যান্স সংক্রান্ত অভিযোগের বিষয়ে গঠিত মনিটরিং সেলের যাবতীয় কার্যাবলী।
১৩. সরকারি/বেসরকারি খাতে নতুন ব্যাংক স্থাপন, শাখা স্থাপন/চালু শাখা বন্ধকরণ এবং বিদেশী ব্যাংক ও ব্যাংকের শাখা স্থাপন সংক্রান্ত কার্যাদি।
১৪. ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমা এবং ব্যাংকিং বিভাগের প্রকল্পসমূহের কর্মকর্তা/কর্মচারীদের সচিবালয়ে প্রবেশের জন্য প্রবেশ পাশ ইস্যুর অনুমোদন (বেসরকারি ব্যাংকসহ) সংক্রান্ত কার্যাদি।
১৫. ব্যাংকিং বিভাগ সংক্রান্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত কার্যাদি। ব্যাংকিং বিভাগ সংক্রান্ত জাতীয় সংসদের স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নে সমন্বয় সাধন।
১৬. ব্যাংকিং বিভাগ সম্পর্কিত জাতীয় সংসদ বিষয়ক কার্যাবলী।
১৭. ব্যাংকিং বিভাগের কাউন্সিল অফিসার ও তথ্য অধিকার আইনের অধীনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন।
১৮. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী।

## প্রতিষ্ঠান ব্যবস্থাপনা শাখা

১. বাংলাদেশ ব্যাংকের গভর্নর ও ডেপুটি গভর্নর এবং রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ এবং বদলী।
২. বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের (এসইসি ও আইসিবি ব্যতীত) চাকুরী প্রবিধানমালা প্রণয়ন ও সংশোধন এবং বৈদেশিক শাখাসমূহে প্রেষণে কর্মকর্তা/কর্মচারী নিয়োগ।
৩. ব্যাংকিং বিভাগের নিয়ন্ত্রণাধীন ব্যাংক ও অর্থিক প্রতিষ্ঠানসমূহের বৈদেশিক শাখা সমূহে "হোম বেইজড" কর্মকর্তা/কর্মচারী নিয়োগ বদলী এবং সেখানকার অন্যান্য কার্যাবলী।
৪. বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের (এসইসি ও আইসিবি ব্যতীত) কর্মকর্তা ও কর্মচারীদের বেতন নির্ধারণ সংক্রান্ত কার্যাবলী।
৫. বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের (এসইসি ও আইসিবি ব্যতীত) সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদসমূহ পুরণের ছাড়পত্র প্রদান সংক্রান্ত কার্যাবলী।

২/২/১০
আহমদ

৬. বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বৈদেশিক চাকুরীতে যোগদানের জন্য লিয়েন মঞ্জুরী সংক্রান্ত কার্যাবলী।

৭. আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের বাজেট পরীক্ষণ ও অনুমোদন সংক্রান্ত কার্যাদি |

৮. বাংলাদেশ এনজিও ফাউণ্ডেশনের কার্যাবলী।

৯. ব্যাংকিং অনুবিভাগের আওতাধীন ফান্ড ফাউণ্ডেশনের সমন্বয় সংক্রান্ত কার্যাবলী।

১০. Bangladesh Municipal Development Fund (BMDF) এর প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে সংশ্লিষ্ট কার্যাদি।

১১. ব্যাংক সংস্কার সংশ্লিষ্ট বিষয়াদি।

১২. সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ও সদস্য নিয়োগ।

১৩. মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির জনবল কাঠামো নির্ধারণ ও নিয়োগসহ প্রশাসনিক কার্যাবলী।

১৪. রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের কর্মচারীদের জন্য আর্থিক প্রণোদনা (exgratia) প্রদান বিষয়ক কার্যাবলী।

১৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী।

## প্রশাসন ও সেবা শাখা

১. মন্ত্রী/প্রতিমন্ত্রীর ঐচ্ছিক তহবিলের মঞ্জুরীপত্র সংক্রান্ত কার্যাবলী।

২. মাননীয় অর্থ মন্ত্রী/উপদেষ্টার দেশ/বিদেশে ভ্রমণের আর্থিক আদেশ জারি সংক্রান্ত।

৩. ব্যাংকিং বিভাগ এবং এর অধীনস্থ দপ্তরের বাজেট প্রণয়ন।

৪. ব্যাংকিং বিভাগের কার্যবন্টন তালিকা প্রণয়ন ও পুনর্বিন্যাস।

৫. ব্যাংকিং বিভাগের কর্মকর্তাগণের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণাদেশ পুনর্বিন্যাস।

৬. ব্যাংকিং বিভাগের হিসাব কোষের প্রশাসনিক কার্যাদি।

৭. ব্যাংকিং বিভাগের আওতাধীন সকল ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীদের যাবতীয় প্রশাসনিক কার্যাদি (নিয়োগ/বদলি/পদোন্নতি/পদ সৃজন/পদ সংরক্ষণ/স্থায়ীকরণ/চাকুরি বহি সংরক্ষণ/বার্ষিক বেতন বৃদ্ধি/টাইম স্কেল/সিলেকশন গ্রেড/বেতন বৈষম্য সমতাকরণ/ভবিষ্য তহবিল মঞ্জুরী/অগ্রিম মঞ্জুরী/শ্রান্তি বিনোদন/ছুটি মঞ্জুর/পেনশন/বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা/ বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণ ইত্যাদি)।

৮. ব্যাংকিং বিভাগের ২য় শ্রেণীর কর্মকর্তা ও ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের গৃহ নির্মাণ অগ্রিম, মটর সাইকেল অগ্রিম, বাইসাইকেল অগ্রিম মঞ্জুরী সংক্রান্ত কার্যাবলী।

৯. ব্যাংকিং বিভাগের আর এন্ড আই ইউনিটের যাবতীয় কার্য সম্পাদন।

১০. ব্যাংকিং বিভাগের নিরাপত্তা বিধান নিশ্চিতকরণ।

১১. ব্যাংকিং বিভাগে ব্যবহারের জন্য যাবতীয় অসবাবপত্র/ষ্টেশনারি দ্রব্যাদি/যানবাহন সংগ্রহ, ক্রয়, বিতরণ ও সংরক্ষণ এবং জ্বালানী বিল পরিশোধ।

১২. বাংলাদেশ ষ্টেশনারি অফিস থেকে ফটোকপিয়ার মেশিন সংগ্রহ এবং ব্যাংকিং বিভাগের বিভিন্ন শাখা/ অনুবিভাগে বিতরণ/সার্ভিসিং/মেরামত/রক্ষণাবেক্ষণ।

১৩. ব্যাংকিং বিভাগের বিভিন্ন অনুবিভাগ/শাখায় ব্যবহৃত কম্পিউটারসমূহের সুষ্ঠু ব্যবহার ও রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

১৪. ব্যাংকিং বিভাগের দরপত্র ও কনডেমনেশন কমিটির সাচিবিক দায়িত্ব পালন।

১৫. বিভিন্ন দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ, সমন্বয় সাধন এবং প্রটোকল সংক্রান্ত কার্যাবলী।

১৬. ব্যাংকিং বিভাগের কর্মকর্তাদের দাপ্তরিক ও আবাসিক টেলিফোন মঞ্জুরীখাত পরিবর্তন, স্থানান্তর বিল পরিশোধ এবং ইন্টারকম টেলিফোন স্থাপন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যাবলী সম্পাদন করা।

১৭. ব্যাংকিং বিভাগের কল্যাণ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন।

১৮. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী।

## হিসাব কোষ

১. ব্যাংকিং বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও ভাতা বিল এবং অন্যান্য বিল প্রণয়ন ও প্রক্রিয়াকরণ।

২. ক্যাশ বই রক্ষণাবেক্ষণ।

২/১২/১০
জলিল আহমদ

# বীমা ও আইন অধিশাখা

## বীমা শাখা

১. বীমা সেক্টরের জন্য নীতি প্রণয়ন ও এতদসংক্রান্ত অন্যান্য বিষয়াবলী।
২. বীমা অধিদপ্তর, সাধারণ বীমা কর্পোরেশন, জীবন বীমা কর্পোরেশন ও বীমা একাডেমী সংক্রান্ত নীতি নির্ধারণী বিষয়াবলী ও বাজেট সংক্রান্ত কার্যাবলী।
৩. বেসরকারি খাতে নতুন বীমা কোম্পানী গঠন ও এ সম্পর্কিত কার্যাবলী।
৪. বীমা আইন ও বিধিমালা প্রণয়ন, বাস্তবায়ন ও সংশোধন।
৫. বীমা সেক্টরের সক্ষমতা উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যাবলী।
৬. সাধারণ বীমা কর্পোরেশন, জীবন বীমা কর্পোরেশন, বীমা অধিদপ্তর ও ইন্সুরেন্স একাডেমীর জনবল কাঠামো অনুমোদন, এসব সংস্থার শীর্ষ পদে পদায়ন সংক্রান্ত কার্যাবলী।
৭. বীমা সংক্রান্ত মামলার কার্যাবলী।
৮. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী।

## নিরীক্ষা ও পরিবীক্ষণ শাখা

১. বাংলাদেশ ব্যাংকসহ সকল রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক বিশেষায়িত ব্যাংক, বীমা ও অর্থিক প্রতিষ্ঠানসমুহের অডিট আপত্তি সম্পর্কিত বিষয়াদি।
২. রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংক কর্তৃক ইস্যুকৃত সরকারি চেকসমূহ নিকাশকরণ এবং সমন্বয় সাধন সম্পর্কিত কার্যাদি (বাংলাদেশ ব্যাংকসহ সকল রাষ্ট্রীয় মালিকানাধীন ও বেসরকারি বাণিজ্যিক ব্যাংক সংক্রান্ত)।
৩. বাংলাদেশ ব্যাংকসহ রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অডিট আপত্তির উপর সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির (পিএ কমিটি) ও সুপারিশ বাস্তবায়ন সংএান্ত যাবতীয় কাজ সমন্বয়করণ।
৪. বিশেষায়িত ব্যাংক ও অর্থিক প্রতিষ্ঠান যথাঃ বাংলাদেশ ব্যাংক, বিকেবি, রাকাব, বিএইচবিএফসি ও অইসিবি'র বহিঃ হিসাব নিরীক্ষক নিয়োগ সম্পর্কিত যাবতীয় বিষয়াদি।
৫. বিশেষায়িত ব্যাংক, বীমা ও অর্থিক প্রতিষ্ঠানসমুহের বহিঃ হিসাব নিরীক্ষকদের নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত কাজ।
৬. বাংলাদেশ ব্যাংক, বিকেবি, রাকাব, বিএইচবিএফসি, বিএসবি, বিএসআরএস, বেসিক ব্যাংক, অইসিবি, গ্রামীন ব্যাংক ও সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন, সাধারণ বীমা কর্পোরেশন, জীবন বীমা কর্পোরেশন, বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমী এর অডিট সম্পর্কিত বিষয়াদি।
৭. রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের সরকারি লেনদেনে অনিয়ম সরকারি তহবিল অপব্যবহার রোধকরণ সম্পর্কিত বিষয়াদি।
৮. রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের/প্রকল্প মূল্যায়ন ও এ সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন।
৯. ব্যাংকিং খাতের বিবিধ বিষয়ের পর্যালোচনা (মন্ত্রী পরিষদের সভা অনুষ্ঠান ও সিদ্ধান্ত বাস্তবায়ন) এবং বিধিবদ্ধ অডিট নিষ্পত্তির শ্রেণীবিন্যাসকৃত ষান্মাষিক প্রতিবেদন প্রস্তুতকরণ।
১০. Review of Accounting and Aduditing Practices with the ROSC Initiatives সংক্রান্ত কাজ।
১১. অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন CPAM এবং SAAPCS শীর্ষক প্রকল্পের কার্যক্রম।
১২. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী।

## প্রশিক্ষণ ও শৃঙ্খলা শাখা

১. বাংলাদেশ ব্যাংকসহ সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের সরকারি/ব্যক্তিগত কারণে বিদেশ ভ্রমণ, সেমিনার, সম্মেলন প্রভৃতিতে অংশগ্রহণের বিষয়ে সরকারি অনুমোদন প্রদান।
২. বাংলাদেশ ব্যাংকসহ সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের নিষ্পত্তি

এবং মহাব্যবস্থাপক ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

৩. রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সেবা প্রদান সংক্রান্ত বিষয়ে প্রাপ্ত বিভিন্ন অভিযোগ নিস্পত্তিকরণ।
৪. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শৃঙ্খলা কার্যক্রমের মনিটরিং।
৫. প্রধানমন্ত্রীর দপ্তর ও দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের দুর্নীতি সংক্রান্ত সকল বিষয়াদি।
৬. বাংলাদেশ ব্যাংকসহ সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে মারাত্মক জালিয়াতি, চুরি ডাকাতি ইত্যাদি সংক্রান্ত বিষয়াদি।
৭. বিকেবি এবং রাকাব এর বাজেট পরীক্ষণ ও অনুমোদন।
৮. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত কার্যাবলী।

## আইন ও সংগঠন শাখা

১. বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের (এসইসি ও আইসিবি ব্যতীত) অফিস সরঞ্জাম ও লোকবল কাঠামো (টি ও এন্ড ই) পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন এবং এতদসংক্রান্ত অন্যান্য সকল বিষয়াদি।
২. বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের (এসইসি ও আইসিবি ব্যতীত) যানবাহন ক্রয় ও প্রতিস্থাপন সংক্রান্ত কার্যাবলী।
৩. বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের (এসইসি ও আইসিবি ব্যতীত) অফিস সরঞ্জামাদি ক্রয়ে সরকারি অনুমোদন প্রদান সংক্রান্ত সকল কার্যাবলী।
৪. সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের ব্যাংকের মাধ্যমে পেনশন প্রদান সংক্রান্ত কার্যাবলী।
৫. বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের (এসইসি ও আইসিবি ব্যতীত) জমি অধিগ্রহণ, জমি ক্রয়, নিজস্ব ভবন নির্মাণ এবং এতদসংক্রান্ত অন্যান্য সকল কাজ।
৬. বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের (এসইসি ও আইসিবি ব্যতীত) টেলিফোন সংক্রান্ত কার্যাবলী।
৭. বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও অন্যান্য অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণী পরীক্ষা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বার্ষিক সভায় যোগদান সংক্রান্ত কার্যাবলী।
৮. বিএসবি ও বিএসআরএস এর বাজেট পরীক্ষণ ও অনুমোদন সংক্রান্ত কার্যাবলী।
৯. চাকুরীচ্যুত কর্মকর্তা/কর্মচারীদের চাকুরীতে পুনর্বহাল সংক্রান্ত বিষয়াবলী।
১০. ব্যাংক ও অর্থিক প্রতিষ্ঠানের কোর্ট কেইস সংক্রান্ত যাবতীয় কার্যাদি।
১১. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী।

২।১২।১৬

খলিল আহমদ
সিনিয়র সহকারী সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রবিধি, নীতি ও মূলধন মার্কেট অনুবিভাগ

১. ব্যাংকিং বিভাগের আওতাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সংক্রান্ত নতুন আইন প্রণয়নসহ সংশ্লিষ্ট বিদ্যমান আইনের সংশোধন এবং এ সংক্রান্ত বিধি বিধান প্রণয়ন/সংশোধন (চাকুরী বিধি/প্রবিধান ব্যতীত)।

২. সরকারি/বেসরকারি খাতে দেশি/বিদেশি আর্থিক প্রতিষ্ঠান স্থাপন/স্থগিতকরণ ও বন্ধকরণ সম্পর্কিত কার্যাদি।

৩. রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক/বিশেষায়িত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বেসরকারিকরণ সংক্রান্ত কাজ।

৪. আর্থিক প্রতিষ্ঠানের ঋণ নীতি ও ঋণের শ্রেণীবিন্যাস সংক্রান্ত সকল প্রকার কাজ।

৫. সুদনীতি ও সুদ মওকুফ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কাজ।

৬. ব্যাংকের শেয়ার ডিভিডেন্ট, গ্যারান্টি আমানত এবং ব্যাংকের পুঁজিকরণ এবং অর্থায়ন সংক্রান্ত কাজ।

৭. ব্যাংকিং খাতের আর্থিক সংশ্লেষ অছে এরূপ ঋণ চুক্তি ও তা বাস্তবায়ন সংক্রান্ত কাজ।

৮. কৃষি, শিল্প ও অগ্রাধিকার খাতসমূহে ব্যাংক ব্যবস্থার মাধ্যমে ঋণ প্রদান সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কাজ।

৯. ঋণ অবলোপন কমিটি কর্তৃক প্রদত্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ হিসাব অবলোপন সম্পর্কিত বিষয়াদি।

১০. রুগ্ন শিল্প সংক্রান্ত নীতিমালা এবং ঐ সংক্রান্ত কাজ।

১১. সিকিউরিটি এক্সচেঞ্জ কমিশন সংক্রান্ত আইন প্রণয়ন ও সংশোধন, প্রাতিষ্ঠানিক ও আর্থিক বিষয় সম্পর্কিত যাবতীয় কার্যাবলী।

১২. ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ সংক্রান্ত আইন প্রণয়ন ও সংশোধন, প্রাতিষ্ঠানিক ও আর্থিক বিষয়াদি সংএান্ত কাজ.

১৩. ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ, ঢাকা স্টক এক্সচেঞ্জ সম্পর্কিত ও বিনিময় সম্পর্কিত কাজের তদারকি ও সমন্বয়।

১৪. শেয়ার বাজার এবং পুঁজি বাজার উন্নয়ন ও নিয়ন্ত্রণ সংক্রান্ত কাজ।

১৫. এশীয় উন্নয়ন ব্যাংক সহায়তাপুষ্ট ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম লোন-এর কর্মসূচী সমন্বয় ও বাস্তবায়ন, এসইসি ও আইসিবি সংক্রান্ত উন্নয়ন প্রকল্প।

১৬. বাংলাদেশ ব্যাংকসহ বিভিন্ন ব্যাংকের নিকট হতে নিয়মিতভাবে সাপ্তাহিক ও মাসিক ভিত্তিতে কৃষি ঋণ, শিল্প ও অন্যান্য বিনিয়োগ সংক্রান্ত উপাত্ত সংগ্রহ, সংকলন ও বিশ্লেষণ।

১৭. বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও অন্যান্য অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহের স্থিতিপত্র, লাভ-ক্ষতির হিসাব বিবরণী পরীক্ষা এবং একনেকে অনুমোদনের জন্য প্রেরণ।

১৮. বোনাস সংক্রান্ত কার্যাবলী।

১৯. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলীর প্রতিবেদন, বাৎসরিক পুস্তিকা প্রস্তুত এবং মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক প্রতিবেদন তৈরী ও বিতরণ।

২০. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ হতে প্রাপ্ত বাৎসরিক প্রতিবেদন পরীক্ষাকরণ।

২১. স্টক এক্সচেঞ্জসমূহের দৈনন্দিন তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ।

২২. বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাজেট আলোচনায় অংশগ্রহণ এবং বাজট নিয়ন্ত্রণ বিষয়ক প্রতিবেদন তৈরী ও পর্যালোচনা।

২৩. উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী।

১/২/১০

খলিল আহমদ
সিনিয়র সহকারী সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রবিধি ও নীতি অধিশাখা

## প্রবিধি ও নীতি শাখা

০১. ব্যাংক কোম্পানী আইন' ১৯৯১, বাংলাদেশ ব্যাংক অর্ডার' ১৯৭২, বাংলাদেশ ব্যাংকস্ (ন্যাশনালাইজেশন) অর্ডার'১৯৭২, নেগোশিয়েবল ইন্সট্রুমেন্টস্ এ্যাক্ট'১৮৮১, অর্থ ঋণ আদালত আইন'১৯৯০ আর্থিক প্রতিষ্ঠান আইন'১৯৯৩, বাংলাদেশ শিল্প ব্যাংক আদেশ'১৯৭২, বাংলাদেশ শিল্প ঋণ সংস্থা অদেশ'১৯৭২, গ্রামীন ব্যাংক অর্ডিন্যান্স'১৯৮৩, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন'১৯৯৫, বিসিআই (পুনর্গঠন) আদেশ'১১৯৬, দেউলিয়া বিষয়ক আইন'১৯৯৭, ব্যাংক আমানত বীমা অধ্যাদেশ'১৯৮৪, মানিলন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ'২০০৮ সহ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট আইনের সংশোধন, ব্যাংক ও অর্থলগ্নী সংক্রান্ত নতুন আইন প্রণয়ন এবং এতদসংক্রান্ত বিধি/প্রবিধান (চাকুরী বিধি/প্রবিধান ব্যতীত) প্রণয়ন ও সংশোধন। এ সকল আইন, বিধি, প্রবিধি, অধ্যাদেশ ইত্যাদির সংকলন ও মুদ্রণের ব্যবস্থা গ্রহণ।

০২. সরকারি/বেসরকারি খাতে দেশি/বিদেশি আর্থিক প্রতিষ্ঠান স্থাপন/স্থগিতকরণ ও বন্ধকরণ সম্পর্কিত কার্যাদি।

০৩. নতুন আর্থিক প্রতিষ্ঠান স্থাপন সংক্রান্ত নীতিমালা ও তৎসংক্রান্ত কার্যাবলী।

০৪. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কার্যক্রম স্থগিতকরণ এবং সরকার কর্তৃক অধিগ্রহণ সংক্রান্ত কার্যাদি।

০৫. রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকসহ সরকারি মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বেসরকারি সংক্রান্ত কার্যাবলী।

০৬. ব্যাংকের শেয়ার/ডিভিডেন্ট সংক্রান্ত কার্যাবলী।

০৭. ব্যাংক সংশ্লিষ্ট বীমা দাবী নিস্পত্তি সংক্রান্ত কাজ।

০৮ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ সংক্রান্ত কার্যাবলী।

০৯. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী।

## প্রকল্প ব্যবস্থাপনা শাখা

০১. বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান (যথা : আইডিএ, এডিবি, ইফাদ, নোরাড) এর সঙ্গে বিভিন্ন ঋণ চুক্তি ও উহাদের বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলী।

০২. বাংলাদেশের সঙ্গে অন্যান্য দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট দ্বি-পাক্ষিক অর্থনৈতিক সহযোগিতা চুক্তি সম্পাদন সংক্রান্ত কার্যাবলী।

০৩. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিষয়ক বহুজাতিক সংস্থার ঋণ সম্পর্কিত/কারিগরি সাহায্য সংক্রান্ত কার্যাবলী।

০৪. বিশ্বব্যাংক অর্থায়নপুষ্ট এন্টারপ্রাইজ গ্রোথ এন্ড ব্যাংক মর্ডাণাইজেশন প্রজেক্ট (ইজিবিএমপি) এর আওতায় ০৪(চার)টি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক সংস্কার কর্মসূচি ও প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রম।

০৫. সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউণ্ডেশন (এসডিএফ), পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ) কর্তৃক পরিচালিত বিভিন্ন কর্মসূচি সংক্রান্ত কার্যক্রম।

০৬. রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব) কর্তৃক বাস্তবায়নাধীন নোরাড অর্থায়নপুষ্ট স্মল এন্টারপ্রাইজেস ডেভেলপমেন্ট ক্রেডিট প্রজেক্ট (এসইসিপি), বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন আইডিএ সাহায্যপুষ্ট সেন্ট্রাল ব্যাংক ষ্টেংদেনিং প্রজেক্ট (সিবিএসপি) এর কার্যক্রম, বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন DFID অর্থায়নপুষ্ট রেমিটেন্স এন্ড পেমেন্ট পার্টনারশীপ (আরপিপি) এর কার্যএম মনিটরিং ও সমন্বয় করা

০৭. সাহায্য দাতাগোষ্ঠী এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থার জন্য ব্যাংক ও অর্থিক প্রতিষ্ঠান সংক্রান্ত ব্রীফ প্রস্তুত সংক্রান্ত কার্যাবলী।

০৮. এডিবি অর্থায়নপুষ্ট স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ সেক্টর ডেভেলপমেন্ট কর্মসূচি (এসএমইএসডিপি) প্রকল্প সংক্রান্ত কার্যএম।

০৯. এডিবি অর্থায়নপুষ্ট Agribusiness Development Project এর পার্ট-এ সংশ্লিষ্ট কার্যএম

১০. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী।

৯/৯/১০
খলিল আহমদ
সিনিয়র সহকারী সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ঋণ ও রুগ্নশিল্প শাখা

০১. সকল প্রকার ব্যাংক ঋণ নীতি, ঋণ শ্রেণী বিন্যাস ও ব্যাংক ঋণ আদায় সংক্রান্ত কার্যাদি।
০২. সুদনীতি ও সুদ সংক্রান্ত সকল কার্যাদি।
০৩. সুদের হার সংক্রান্ত ও পরিবর্তিত নীতিমালা অনুযায়ী অগ্রাধিকার খাত সমূহে রেয়াতি হারে প্রদত্ত ঋণের ক্ষতিপূরণ বাবদ বিভিন্ন ব্যাংকের ভর্তুকী প্রদান সংক্রান্ত কাজ।
০৪. অগ্রাধিকার খাত সহ বিভিন্ন খাতে অর্থায়ন ও ঋণ সংক্রান্ত কাজ।
০৫. পাটখাত সমন্বয় কর্মসূচীর আওতায় পাট ও পাট শিল্পের অর্থায়ন এবং ঋণ আদায় সংক্রান্ত কাজ (Loss Financing ব্যতীত)।
০৬. ব্যাংক গ্যারান্টি প্রদানের প্রস্তাব প্রক্রিয়াকরণ ও প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত কাজ।
০৭. রুগ্নশিল্প নীতিমালা ও এ সংক্রান্ত কাজ।
০৮. ব্যাংক আমানত নীতিমালা যথা ঃ
    (খ) ব্যাংক আমানত ও এ সংক্রান্ত নীতিমালা সংক্রান্ত কার্যাবলী।
    (গ) খেলাপী ঋণ ও সঞ্চিতি সংক্রান্ত নীতিমালা।
    (ঘ) সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত ও আধাস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান কর্তৃক সরকারি ও বেসরকারি
০৯. ঋণ অবলোপন কমিটি কর্তৃক প্রদত্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ হিসাব অবলোপন সম্পর্কিত বিষয়াদি।
১০. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী।

## ফিনান্সিয়াল এনালিষ্ট ও মূলধন মার্কেট অধিশাখা

আই.টি শাখা

০১. সাপ্তাহিক ও মাসিক ভিত্তিতে কৃষি ঋণ, শিল্প ঋণ ও অন্যান্য বিনিয়োগ সংক্রান্ত উপাত্ত সংগ্রহ, সংকলন ও বিশ্লেষণপূর্বক উর্দ্ধতন কর্তৃপক্ষের অবগতির জন্য ব্রীফ প্রস্তুতকরণ।
০২. বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রায়ত্ব বাণিজ্যিক ব্যাংক ও অন্যান্য অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানসমূহের স্থিতিপত্র, লাভ-ক্ষতির হিসাব বিবরণী পরীক্ষা এবং একনেকে অনুমোদনের জন্য প্রেরণ।
০৩. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলীর প্রতিবেদন সংক্রান্ত কাজ।
০৪. বাংলাদেশ ব্যাংক, রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক ও সকল আর্থিক প্রতিষ্ঠানের বাজেট আলোচনায় অংশগ্রহণ ও ত্রৈমাসিক/ষান্মাষিক/বাৎসরিক ভিত্তিতে সকল ব্যাংকের প্রকৃত হিসেবে ভিত্তিতে বাজেটারী কন্ট্রোল প্রতিবেদন তৈরী ও পর্যালোচনা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের অবগতির জন্য প্রতিবেদন প্রস্তুত করা।
০৫. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের উপর মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক প্রতিবেদন তৈরী করা ও এই অনুবিভাগের সকল কর্মকর্তার অবগতির জন্য বিতরণ।
০৬. রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও রাষ্ট্রায়ত্ত অর্থিক প্রতিষ্ঠানসমূহের Net-Worth Calculation এবং Performance Indicators সম্পর্কিত ষান্মাসিক প্রতিবেদনের উপর বিশ্লেষণী প্রতিবেদন প্রস্তুতকরণ এবং তা ব্যাংকিং সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য উপস্থাপন ।
০৭. বাংলাদেশ ব্যাংক ও অন্যান্য ব্যাংকিং ও আর্থিক প্রতিষ্ঠান হতে প্রাপ্ত বার্ষিক প্রতিবেদন পরীক্ষাকরণ।
০৮. ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের বার্ষিক রিপোর্ট পরীক্ষাকরণ।
০৯. আর্থিক প্রতিষ্ঠান সমূহের ব্যবস্থাপনার এবং দক্ষতার উন্নয়ন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন।
১০. আর্থিক প্রতিষ্ঠান সমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পারফরমেন্স মনিটরিং।
১১. প্রবাসী বাংলাদেশী নাগরিকদের প্রেরিত বৈদেশিক মুদ্রার রেমিট্যান্স বিষয়ক প্রতিবেদন সংক্রান্ত কার্যাবলী।
১২. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলীর উপর অর্থ বিভাগ কর্তৃক বাৎসরিক পুস্তিকা প্রণয়ন ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ।
১৩. ষ্টক এক্সচেঞ্জসমূহের দৈনন্দিন তথ্য সংগ্রহ ও বিশ্লেষণপূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের জন্য রিপোর্ট প্রস্তুতকরণ।
১৪. ব্যাংকিং বিভাগে কর্মরত কর্মকর্তাগণের পার্সোনেল ডাটা-শীট (পিডিএস) সুবিন্যস্ত পদ্ধতিতে সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ, প্রতিনিয়ত হালনাগাদকরণ প্রভৃতি কাজ সুচারুরূপে সম্পন্নকরণের জন্য অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণের কাজ তদারকি।
১৫. প্রচলিত ডাটা সংগ্রহ ফরমের উন্নয়ন, নতুন ফরমের উদ্ভাবন, বিদ্যমান সফটওয়্যারসমূহের ক্রমাগত উন্নয়ন ও হালনাগাদকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

২/২/১০

১৬. ব্যাংকিং বিভাগের কর্মকর্তা/কর্মচারীদেরকে কম্পিউটার সংক্রান্ত যাবতীয় প্রশিক্ষণ প্রদান।

১৭. ব্যাংকিং বিভাগকে ই-গভর্ন্যান্স সংক্রান্ত কাজের সমন্বয় সাধনে সহায়তা প্রদান।

১৮. ব্যাংকিং বিভাগের সকল কর্মকর্তার ইন্টারনেট সংযোগ সংক্রান্ত সকল কাজে সহায়তা করা।

১৯. ওয়েব সাইট রক্ষণাবেক্ষণ, তথ্য হালনাগাদকরণ, নতুন তথ্য সংযোজন, বিয়োজন সংশ্লিষ্ট সকল কাজের তদারকি করা।

২০. ব্যাংকিং বিভাগের হার্ডওয়ার সংক্রান্ত ক্রয়, রক্ষণাবেক্ষণ এবং প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।

২১. ব্যাংকিং বিভাগের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় কম্পিউটার হার্ডওয়্যার, অন্যান্য আনুষঙ্গিক যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদি ক্রয়/সংগ্রহে উদ্যোগী হওয়া ।

২২. নতুন কোন হার্ডওয়্যার সম্পর্কিত কম্পিউটার প্রযুক্তি সম্পর্কে অর্থ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদেরকে অবহিতকরণ এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।

২৩. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী ।

## চুক্তি ও বিনিয়োগ শাখা

০১. ব্যাংকের পুঁজিকরণ ও পুনঃপুজিঁকরণ ।

০২. বন্ড/ডিবেঞ্চার জারী সংক্রান্ত কাজ (গ্যারান্টি প্রদান ব্যতীত) ।

০৩. বাংলাদেশের সঙ্গে অন্যান্য দেশের ব্যাংকিং সংক্রান্ত দ্বি-পাক্ষিক সহযোগিতা (যৌথ কমিশন সংক্রান্ত কার্যাদিসহ) কাজ ।

০৪. বাংলাদেশের সাথে যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত পুজিঁ বিনিয়োগকারী ও লিজিং প্রতিষ্ঠান সমূহের (সাবিনকো, ইউবিকো, আইপিডিসি ইত্যাদি) কাজ (পরিচালক পর্যদের পরিচালক নিয়োগ ব্যতীত) ।

০৫. পুঁজি বিনিয়োগ সংক্রান্ত দ্বি-পাক্ষিক চুক্তির মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলী ।

০৬. মাইক্রোক্রেডিট এনজিও ও অন্যান্য নন-ফর্মাল প্রতিষ্ঠানসমূহ সংক্রান্ত কাজ (পরিচালক পর্ষদের পরিচালক নিয়োগ ব্যতীত) যথা ঃ গ্রামীন ব্যাংক, গ্রামীন মৎস্য ও পশু সম্পদ ফাউণ্ডেশন, এসইডিপি, স্বনির্ভর বাংলাদেশ ইত্যাদি ।

০৭. গৃহায়ন তহবিল সংক্রান্ত যাবতীয় কার্যাদি ।

০৮. ইইএফ তহবিল সংক্রান্ত কার্যক্রম ।

০৯. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী ।

## মূলধন মার্কেট শাখা

০১. সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন সংক্রান্ত আইন ও বিধি-বিধান সংশোধন এবং এতদসংক্রান্ত নতুন আইন প্রনয়ন ।

০২. আইসিবি সংক্রান্ত যাবতীয় আইন ও বিধিবিধান এবং কোম্পানী প্রফিটস্ (ওয়ার্কার্স পার্টিসিপেশন) এ্যাক্ট ১৯৬৮ এর সংশোধন এবং এতদসংক্রান্ত নতুন আইন প্রনয়ন ।

০৩. পুঁজি বাজার উন্নয়ন ও নিয়ন্ত্রণ সংক্রান্ত যাবতীয় কাজ ।

০৪. এশীয় উন্নয়ন ব্যাংক সহায়তাপুষ্ট ক্যাপিটাল মার্কেট ডেভেলাপমেন্ট প্রোগ্রাম লোন এর কর্মসূচী সমন্বয় ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলী । এসইসি ও আইসিবি সংশ্লিষ্ট বিভিন্ন উন্নয়ন প্রকল্প সমন্বয় ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলী

০৫. ন্যাশনাল ষ্টক এক্সচেঞ্জ সংক্রান্ত যাবতীয় কাজ ।

০৬. শেয়ার বাজার- ঢাকা ও চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ ও বিনিয়োগ সম্পর্কিত কাজের তদারকী ও সমন্বয় সাধন ।

০৭. আইসিবি-র ব্যবস্থাপনা এবং দক্ষতার উন্নয়ন

০৮. আইসিবি-র অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পারফরমেন্স মনিটরিং ।

০৯. আইসিবির প্রাতিষ্ঠানিক ও আর্থিক বিষয় সম্পর্কিত যাবতীয় কার্যাবলী ।

১০. এসইসিষ বাজেট পরীক্ষাকরণ ও অনুমোদন ।

১১. আইসিবির প্রাতিষ্ঠানিক ও আর্থিক বিষয় সম্পর্কিত কাজ ।

১২. আইসিবির বাজেট পরীক্ষাকরণ ও অনুমোদন ।

১৩. ষ্টক এক্সচেঞ্জসমূহের দৈনন্দিন তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পূর্বক উর্ধ্বতন কর্তৃপক্ষের জন্য রিপোর্ট প্রস্তুতকরণ ।

১৪. ব্যাংক ও অর্থিক প্রতিষ্ঠান (নীতি) অনুবিভাগ এর সমন্বয়ের কাজ ।

১৫. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে ন্যস্ত কার্যাবলী ।

৯/২/১০

খলিল আহমদ
সিনিয়র সহকারী সচিব